

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ভাষা পদযাত্রা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ভাষার মাস ফেব্রুয়ারিতে ভাষা পদযাত্রা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (০২ ফেব্রুয়ারি ২০২৫) নোবিপ্রবি বাংলা বিভাগের আয়োজনে পদযাত্রা কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

পদযাত্রা শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শুরুতেই বায়ান্নর ভাষা আন্দোলনে যাঁরা শহীদ হয়েছেন তাঁদের অত্মার মাগফিরাত কামনা করছি। ভাষার মাসের শুরুতে ভাষা শহীদদের স্মরণে এমন আয়োজন নিঃসন্দেহে উৎসাহব্যঞ্জক এবং ধন্যবাদ পাওয়ার যোগ্য। একই সঙ্গে প্রতিটি ক্ষেত্রে আমরা যদি বাংলা ভাষার প্রচলন করতে পারি তাহলে তা আমাদের দেশের জন্য কল্যাণকর হবে। এর পাশাপাশি বাংলা একাডেমী কর্তৃক যে প্রমিত বানানরীতি রয়েছে তা অনুসরণ এবং নতুন প্রজন্মের মাঝে কিভাবে ছড়িয়ে দেওয়া যায় তার জন্য সবাইকে এগিয়ে আসতে হবে।

এসময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন (চন্দন আনোয়ার), বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এমডি. মাসুদ রহমানসহ বাংলা বিভাগ ও বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪